

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০১.২০১৭.(খড-১).৬৮৯

তারিখ: ২১/১২/২০১৭ খ্রি:

বিষয়ঃ রহনপুর মহিলা কলেজ,গোমস্তাপুর,চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-
৫৫৭৭/২০১৪ এবং ৫২৭৮/২০১৪ মামলার ০১.০৯.২০১৬ তারিখের রায় বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে রহনপুর মহিলা কলেজ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৫৭৭/২০১৪ এবং ৫২৭৮/২০১৪ মামলার ০১.০৯.২০১৬ তারিখের রায় বাস্তবায়নের বিষয়টি মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বিভিন্ন রিট পিটিশনের রায় বাস্তবায়ন করতঃ এম.পি.ও.ভুক্তির সুপারিশ প্রদানের লক্ষ্যে গঠিত কমিটিতে উপস্থাপন করা হয়। কমিটির সিদ্ধান্ত মাননীয় শিক্ষা মন্ত্রী সদয় অনুমোদন করেছেন।


০২. কমিটির সিদ্ধান্ত নিম্নরূপ :

“ প্রতিষ্ঠানটির উচ্চ মাধ্যমিক পর্যায় এম.পি.ও ভুক্ত। ডিগ্রী পর্যায় এম.পি.ও ভুক্ত নয়। পিটিশনারদের নিয়োগ ও যোগদান ডিগ্রী পর্যায়। মামলার রায়ে পিটিশনারদের এম.পি.ও ভুক্তির আবেদন দুই মাসের মধ্যে নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রতিষ্ঠানটির ডিগ্রী পর্যায় এম.পি.ও ভুক্ত না হওয়ায় ডিগ্রী পর্যায়ের শিক্ষকদের এম.পি.ও ভুক্তির সুযোগ নেই।

উল্লেখ্য, মাননীয় অর্থমন্ত্রী শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও ভুক্তির ব্যাপারে যুক্তিসঙ্গত একটি ব্যবস্থা বা নীতিমালা প্রণয়নের জন্য একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেছেন। কমিটির নিকট হতে প্রতিবেদন/সুপারিশ প্রাপ্তির পর প্রতিষ্ঠান এম.পি.ও ভুক্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর আইন কর্মকর্তা বিষয়টি সংশ্লিষ্ট আদালত কে অবহিত করবেন।”

০২. এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বিভিন্ন রিট পিটিশনের রায় বাস্তবায়ন করতঃ এম.পি.ও.ভুক্তির সুপারিশ প্রদানের লক্ষ্যে গঠিত কমিটির সিদ্ধান্ত আদালতকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(নুসরাত জাবীন বানু)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ : আইন কর্মকর্তা)।

সদয় অবগতির জন্য অনুলিপি :

০১. সিনিয়র সহকারী সচিব (আইন), আইন সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৬. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৭. যুগ্ম-সচিব (বেসরঃ মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৮. মো: আসলাম হোসাইন এন্ড গং, পিটিশনার, রহনপুর মহিলা কলেজ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
০৯. আবদুল্লা আল মামুন এন্ড গং, পিটিশনার, রহনপুর মহিলা কলেজ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।